গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শেরপুর সদর, শেরপুর।
sherpursadar.sherpur.gov.bd

স্মারক নং ০৫.৪৫.৮৯৮৮.০০০.০০০.১১.০০০১.২৬.৭২২ | তারিখঃ ০৬ শ্রাবণ ১৪৩৩ / ২১ জুলাই ২০২৬

বিষয়: ফ্যামিলি কার্ড কর্মসূচি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ঘোষিত নির্বাচনী ইশতেহার-২০২৬ এ একটি বৈষম্যহীন ও মানবিক 'সামাজিক কল্যাণ রাষ্ট্র' প্রতিষ্ঠার অঙ্গীকার অনুযায়ী প্রান্তিক ও নিম্ন আয়ের পরিবারকে সুরক্ষা প্রদানের নিমিত্ত 'ফ্যামিলি কার্ড' প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করেছে। সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬'' অনুসারে দেশব্যাপী আগামী ১লা আগস্ট হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারী কার্যক্রম শুরু হতে যাচ্ছে। এ লক্ষ্যে শেরপুর সদর উপজেলায় তথ্য সংগ্রহের জন্য Enumerator বা জরিপকারী নিয়োজিত করা হবে। উক্ত শুমারি কার্যক্রমে অস্থায়ীভাবে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার হিসেবে নিয়োজিত হতে আগ্রহীদের নিকট আবেদন আহবান করা হচ্ছে।

| ক্রম | পদের ধরন | আবেদনের যোগ্যতা | অযোগ্যতা | অগ্রাধিকারমূলক বৈশিষ্ট্য | প্রয়োজনীয় ডকুমেন্টস |
|---|---|---|---|---|---|
| ০১ | Enumerator বা জরিপকারী বা তথ্য সংগ্রহকারী | ক) ন্যূনতম এইচএসসি বা সমমান পাস<br>খ) বয়স: ১৮-৪০ বছর<br>গ) ট্যাবলেট / স্মার্ট ফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা এবং ঐ এলাকা সম্পর্কে ভাল ধারণা ও বাস্তবিক জ্ঞান<br>ঙ) শুদ্ধ বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারিরীকভাবে সক্ষম ও দুর্গম চর এলাকায় কাজ করতে সম্মত | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/আধাসরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক /তদূর্ধ্ব ডিগ্রিধারী<br>গ) পূর্বে বিবিএস বা অন্য সংস্থার জরিপ কাজের অভিজ্ঞতা | ক) জাতীয় পরিচয়পত্র<br>খ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (সত্যায়িত ফটোকপি)<br>গ) পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |
| ০২ | সুপারভাইজার<br><br>(প্রতি ০৯ জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ০১ জন) | ক) ন্যূনতম ব্যাচেলর ডিগ্রি বা সমমান পাস<br>খ) বয়স: ২৫-৪৫ বছর<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায় ৮০%+ নম্বর<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগোলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা। | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি / আধাসরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৮০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) প্রতিটি গণনা এলাকা স্বশরীরে পরিদর্শন<br>খ) প্রতিটি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-check)<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট | ক) জাতীয় পরিচয়পত্র<br>খ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (সত্যায়িত ফটোকপি)<br>গ) পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |

০২। আবেদন ফরম প্রাপ্তির ও দাখিলের স্থান: উপজেলা সমাজসেবা কার্যালয়, শেরপুর সদর, শেরপুর হতে সরাসরি অথবা উপজেলা সমাজসেবা কার্যালয়ের www.dss.sherpursadar.sherpur.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে এবং অফিস চলাকালীন নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে।

| আবেদন ফরম বিতরণ | আবেদন ফরম দাখিল | সম্ভাব্য ব্যবহারিক পরীক্ষার সময় ও স্থান |
|---|---|---|
| ২১-০৭-২০২৬ হতে ২৩/০৭/২০২৬ তারিখ বেলা ৩.০০ ঘটিকা পর্যন্ত | ২১-০৭-২০২৬ হতে ২৩/০৭/২০২৬ তারিখ বেলা ৪.০০ ঘটিকা পর্যন্ত | ২৫/০৭/২০২৬ তারিখ বেলা ১১.০০ ঘটিকা, উপজেলা পরিষদ হলরুম, শেরপুর সদর, শেরপুর। |

শর্তাবলি:

১) তথ্য সংগ্রহকারীগণ কে শুমারী চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।

২) ফ্যামিলি কার্ড শুমারী চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ঘণ্টা তথ্য সংগ্রহ করতে হবে।

৩) তথ্য প্রযুক্তি ব্যবহারে দক্ষ হতে হবে, কোনোক্রমেই ভুল তথ্য এন্ট্রি দেওয়া যাবে না।

৪) ট্যাবলেট সযত্নে রক্ষণাবেক্ষণ করতে হবে। ট্যাবলেট শুমারি শেষে অক্ষতভাবে প্রত্যাবর্তন করতে হবে।

৫) সংগৃহীত তথ্যের গোপনীয়তা রক্ষা বাধ্যতামূলক।

৬) কোনো পরিবারকে ফ্যামিলি কার্ড প্রাপ্তির প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো সম্পূর্ণ নিষিদ্ধ।

৭) ইচ্ছাকৃতভাবে তথ্য জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেওয়া হবে।

২২/০৭/২০২৬

আসমা বিনতে রফিক
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি
শেরপুর সদর, শেরপুর
ফোন: ০২-৯৯৭৭১০৬৪
E-mail: unosherpur@mopa.gov.bd

স্মারক নং ৪১.০১.৮৯৮৮.০০০.০০০.১১.০০০১.২৬. ৭২

তারিখঃ ০৬ শ্রাবণ ১৪৩৩
২১ জুলাই ২০২৬

**সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:**

০১। কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড, সমাজকল্যাণ মন্ত্রণালয়।

০২। পরিচালক (সামাজিক নিরাপত্তা অধিশাখা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

০৩। জেলা প্রশাসক, শেরপুর।

০৪। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।

০৫। পুলিশ সুপার, শেরপুর।

০৬। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, শেরপুর।

০৭। সভাপতি/সাধারণ সম্পাদক........................ (সকল প্রেস ক্লাব) শেরপুর সদর, শেরপুর। [প্রচারের অনুরোধসহ]

০৮। অফিস কপি।

২১/০৭/২৬

আরিফুর রহমান
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি
শেরপুর সদর, শেরপুর
ফোনঃ ০১৩২৪-১৫৯৩৯১
E-mail: usso.sherpursadar@dss.gov.bd